

১। বানৌজা তিতুমীর

ক। খুলনা নৌ অঞ্চল জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান। গত ০৬ জুলাই ২০২২ তারিখ বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে খুলনা নৌ অঞ্চল জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মোহাম্মদ অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি।



চিত্রঃ মাননীয় কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মোহাম্মদ অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি কর্তৃক খুলনা নৌ অঞ্চল জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান।

খ। পবিত্র ঈদ-উল আযহা ২০২২ উদযাপন। গত ১০ জুলাই ২০২২ তারিখ সকাল ০৮০৫ ঘটিকায় ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে পবিত্র ঈদ-উল-আযহার নামাজ অনুষ্ঠিত হয়। পবিত্র ঈদ-উল-আযহার নামাজে ঘাঁটিতে উপস্থিত কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল কর্মকর্তা, নাবিকবৃন্দ, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। নামাজের পর কমান্ডার খুলনা নৌ অঞ্চল সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



চিত্রঃ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে নামাজ ও শুভেচ্ছা বিনিময়।

গ। প্রাক্তন বানৌজা অগ্রদূত ও বানৌজা ইমাম গাজ্জালী হস্তান্তর অনুষ্ঠান। গত ০৫ জুলাই ২০২২ তারিখ সকাল ১১০০ ঘটিকায় বানৌজা তিতুমীরের ব্যবস্থাপনায় প্রাক্তন বানৌজা অগ্রদূত ও বানৌজা ইমাম গাজ্জালী স্ক্র্যাপকরণের নিমিত্তে নেভাল বার্থ খুলনা থেকে যথাক্রমে মাহিনুর শীপ রি-সাইক্লিং লিঃ চট্টগ্রাম এবং মাদার স্টীল লিঃ চট্টগ্রাম এর নিকট হস্তান্তর করা হয়। উক্ত অনুষ্ঠানে অধিনায়ক বানৌজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ বানৌজা অগ্রদূত ও বানৌজা ইমাম গাজ্জালী যথাক্রমে মাহিনুর শীপ রি-সাইক্লিং লিঃ চট্টগ্রাম এবং মাদার স্টীল লিঃ চট্টগ্রাম এর নিকট হস্তান্তর অনুষ্ঠান।

সীমিত

ঘ। বাণী পাঠ। পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় নৌবাহিনী প্রধান ও কমান্ডার খুলনা নৌ অঞ্চল প্রেরিত বাণী গত ০৬ জুলাই ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর সকল সামরিক ও অসামরিক সদস্যদের উদ্দেশ্যে পাঠ করেন।



চিত্রঃ অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক বাণী পাঠ।

ঙ। নির্বাহী কর্মকর্তা কর্তৃক শুদ্ধাচার ও নিরাপত্তামূলক ভাষণ। গত ০৭ জুলাই ২০২২ তারিখ বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ড এর গ্যালারীতে নির্বাহী কর্মকর্তা শিপস্ কোম্পানীর উদ্দেশ্যে শুদ্ধাচার ও নিরাপত্তামূলক ভাষণ প্রদান করেন। উক্ত ভাষণে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য উপস্থিত ছিলেন।



চিত্রঃ নির্বাহী কর্মকর্তা কর্তৃক শুদ্ধাচার ও নিরাপত্তামূলক ভাষণ।

চ। অসহায় দুস্থদের মাঝে কোরবানীর মাংস বিতরণ। গত ১০ জুলাই ২০২২ তারিখ বিকেল ১৬০০ ঘটিকায় বানৌজা তিতুমীরের ব্যবস্থাপনায় গরীব ও দুস্থদের মাঝে কোরবানীর মাংস বিতরণ করা হয়।



চিত্রঃ গরীব ও দুস্থদের মাঝে বানৌজা তিতুমীর কর্তৃক কোরবানীর মাংস বিতরণ।

ছ। বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল। গত ১৪ জুলাই ২০২২ তারিখ প্রাক্তন নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল মুহাম্মদ মোহাইমিনুল ইসলাম, (এস/এম), এনসিসি, পিএসসি এর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ঘাঁটিস্থ কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।



চিত্রঃ প্রাক্তন নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল মুহাম্মদ মোহাইমিনুল ইসলাম, (এস/এম), এনসিসি, পিএসসি এর আত্মার মাগফেরাত কামনায় ঘাঁটিস্থ কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত।

সীমিত

জ। সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণ। গত ২৪ জুলাই ২০২২ তারিখ ১০০০ ঘটিকায় বানোজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণের আয়োজন করা হয়। বানোজা তিতুমীরের কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণ।

এও। অধিনায়ক কর্তৃক জেসিও'সদের সাথে মত বিনিময়। গত ২৮ জুলাই ২০২২ তারিখ বানোজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে অধিনায়ক কর্তৃক জেসিও'সদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ অধিনায়ক কর্তৃক জেসিও'সদের সাথে মত বিনিময়।

ট। অধিনায়ক কর্তৃক নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ। গত ৩১ জুলাই ২০২২ তারিখ ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে বানোজা তিতুমীরের অধিনায়ক বি/২০২২ ব্যাচের নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন।



চিত্রঃ অধিনায়ক বানোজা তিতুমীর কর্তৃক বি/ ২০২২ ব্যাচের নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ।

ঠ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল পেন্টাথলন (প্রতিবন্ধক দৌড়), পুলিং, ব্যাডমিন্টন ও দূরপাল্লার দৌড় প্রতিযোগিতা-২০২২ এর সমাপনী অনুষ্ঠান। গত ৩১ জুলাই ২০২২ তারিখ ঘাঁটিস্থ স্পোর্টস কমপ্লেক্সে কমান্ডার খুলনা নৌ অঞ্চল পেন্টাথলন (প্রতিবন্ধক দৌড়), পুলিং, ব্যাডমিন্টন ও দূরপাল্লার দৌড় প্রতিযোগিতা-২০২২ এর সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন কাজী সাক্বির হোসেন, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বিজয়ী দলের মাঝে পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল পেন্টাথলন (প্রতিবন্ধক দৌড়), পুলিং, ব্যাডমিন্টন ও দূরপাল্লার দৌড় প্রতিযোগিতা-২০২২ এর সমাপনী অনুষ্ঠান।

২। বানৌজা মোংলা

ক। বানৌজা মোংলার ব্যবস্থাপনায় ঈদ-উল-আযহা এর জামায়াত অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ঈদ-উল- আযহার নামাজ ও দোয়া

খ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ও সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড কমন্ডার মোঃ বেনজীর মাহমুদ, (ই), এনপিপি, পিএসসি, বিএন ঈদ-উল- আযহা উপলক্ষে বানৌজা মোংলার নৌসদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।



চিত্রঃ ঈদ-উল- আযহা উপলক্ষে কমখুল ও সিএসডি স্যার নৌসদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময়

গ। গত ১২ জুলাই ২০২২ তারিখ ডেপুটি চেয়ারম্যান, বিএনএফডব্লিউএ, মোংলা উপশাখা, বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ডেপুটি চেয়ারম্যান, বিএনএফডব্লিউএ, মোংলা উপশাখা, বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

৩। বানৌজা শের-ই-বাংলা।

ক। সিও'স টক। গত ২৪ জুলাই ২০২২ তারিখ অত্র ঘাঁটির প্রশাসনিক ভবনে সিও'স টক অনুষ্ঠিত হয়।



চিত্রঃ সিও'স টক এর স্থির চিত্র।

খ। পবিত্র 'ঈদ-উল-আযহা-২০২২' উদযাপন। গত ১০ জুলাই ২০২২ তারিখ যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাবগান্ধীরে মধ্য দিয়ে পবিত্র ঈদ-উল-আযহা উদযাপিত হয়।



চিত্রঃ ঈদ-উল-আযহা-২০২২ উদযাপন।

৪। সোলাম।

ক। ঈদ-উল-আযহা উদযাপন গত ১০ জুলাই ২০২২ তারিখে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট (সোলাম) এ যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে ঈদের দুইটি জামাত অনুষ্ঠিত হয়। উক্ত নামাজে অত্র ঘাঁটির অধিনায়কসহ ভিতরে বসবাসকারী সামরিক ও অসামরিক কর্মকর্তা, নাবিক ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কমান্ডার খুলনা নৌ অঞ্চল অত্র ঘাঁটির অধিনায়ক, ভিতরে বসবাসকারী কর্মকর্তা, নাবিক ও অসামরিক কর্মচারীবৃন্দের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



চিত্র : ঈদ-উল-আযহা নামাজ ও শুভেচ্ছা বিনিময়

খ। সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক গত ২৭ জুলাই ২০২২ তারিখ ১০৩০ ঘটিকায় ঘাঁটিস্থ ১০তলা ট্রেনিং ব্লক লেকচার হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টকে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন ঘাঁটির নিরাপত্তা এবং ব্যক্তি, বস্তু ও তথ্যের নিরাপত্তা সম্পর্কে বক্তব্য প্রদান করেন। বর্তমানে বৈশ্বিক জ্বালানী তেলের মূল্য বৃদ্ধির দরুণ বাংলাদেশের বিদ্যুত উৎপাদনে ঘাটতি হওয়ায় সকলকে বিদ্যুত ব্যবহারে কৃচ্ছতা সাধন করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। উক্ত সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টকে ঘাঁটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



চিত্র : সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক এর কয়েকটি মুহূর্ত।

৪। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক)

ক। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইঞ্জিনিয়ারিং) কর্তৃক বিএন ডকইয়ার্ড মোংলার সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে নিরাপত্তামূলক ভাষণঃ গত ০৪ জুলাই ২০২২ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইঞ্জিনিয়ারিং) লেঃ কমান্ডার মোঃ রেজাউল ইসলাম, (ই), বিএন (২১৪৭) অত্র সংস্থায় কর্মরত সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে ওয়ার্কশপ ও জাহাজের মেশিনারীজ সংক্রান্ত মেরামত এবং রক্ষণাবেক্ষন কার্য সম্পাদনকালে ব্যক্তিগত ও যন্ত্রপাতির নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ-১ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইঞ্জিনিয়ারিং) কর্তৃক বিএন ডকইয়ার্ড মোংলায় কর্মরত সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে নিরাপত্তামূলক ভাষণ

খ। পবিত্র ঈদ-উল-আযহা-২০২২ উপলক্ষ্যে বাণী পাঠঃ গত ০৭ জুলাই ২০২২ পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক প্রেরিত বাণী পাঠের আয়োজন করা হয়। ডেপুটি জেনারেল ম্যানেজার- কমান্ডার ফাহিমদা মোহসীন, (এল), এনপিপি, পিএসসি, বিএন (পি নং ১৫২১) উক্ত বাণীসমূহ উপস্থিত সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে পাঠ করেন।



চিত্রঃ-২ পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার কর্তৃক বাণী পাঠকালীন অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তা, সামরিক ও অসামরিক ব্যক্তিবর্গ

গ। পবিত্র ঈদ-উল-আযহা-২০২২ উপলক্ষ্যে সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড কর্তৃক শুভেচ্ছা বিনিময়ঃ গত ১০ জুলাই পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উদ্‌যাপনের অংশ হিসেবে পবিত্র ঈদের জামায়াত শেষে সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড কমান্ডার মোঃ বেনজীর মাহমুদ, (ই), এনপিপি, পিএসসি, বিএন (পিনং ৭৬৩) ভিতরে বসবাসকারী ও কর্তব্যরত নৌসদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত এবং শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ-৩ পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড কর্তৃক ভিতরে বসবাসকারী ও কর্তব্যরত নৌসদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত ও শুভেচ্ছা বিনিময়